

47

তারিখ ... 1.1.JAN 1996 ...

পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩.....

দৈনিক সংবাদ

ঠাকুরগাঁয়ে শিক্ষক নিয়োগের কার্যক্রম স্বগিত করা হয়েছে

ঠাকুরগাঁ, ১০ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)। - সরকারি নিয়মনীতি লংঘন করে প্রধান শিক্ষক ও কয়েকজন সহকারী শিক্ষক নিয়োগের চেষ্টা করার অভিযোগে সদর থানা নির্বাহী অফিসার এবং স্কুল পরিচালনা কমিটির সভাপতিকে উকিল নোটিশ প্রদানের পর শিক্ষক নিয়োগের কার্যক্রম স্বগিত করা হয়েছে।

ঠাকুরগাঁ শহরস্থ সি. এম. আইয়ুব বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও ৫ জন সহকারী শিক্ষক নিয়োগের জন্য স্থানীয় একটি দৈনিকে গত ১০ই ডিসেম্বর একটি বিজ্ঞাপন প্রকাশ করা হয়।

কিন্তু দেখা যায় বিদ্যালয়ের এডহক কমিটির মেয়াদ গত ১৪ই মার্চ '৯৫ শেষ হয়ে যায় এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী শিক্ষক নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার নীতিমালা লংঘন করা হয়েছে।

তাছাড়া বিজ্ঞপ্তিতে নানাবিধ অনিয়ম থাকায় স্কুলের প্রতিষ্ঠাতা সহ-সভাপতির ইচ্ছানুযায়ী এডভোকেট নূরুদ্দীন হক টিএনওকে (স্কুল কমিটির সভাপতি) উকিল নোটিশ প্রদান করেন।

পরে টিএনও-এর পক্ষে এডভোকেট এফ এ মোহাম্মদ হোসেন উকিল নোটিশের উত্তর প্রদান করেন।